গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪-৫৯ তারিখ: ১৭/০৪/২০২৫ খ্রি.

প্রাপকঃ জেলা প্রশাসক
বান্দরবান পার্বত্য জেলা

বিষয়ঃ বিশেষ প্রকল্প কর্মসুচি হতে খাদ্যশস্য বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বান্দরবান পার্বত্য জেলায় ত্রিপুরা, চাক, খেয়াং/খিয়াং, বম, লুসাই, খুমী জাতিগোষ্ঠীর প্রত্যন্ত ও দরিদ্র পরিবারের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে "বিশেষ প্রকল্প কর্মসূচীর" আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে খাদ্যশস্য বরাদ্দ প্রদানের জন্য জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা বরাবর ১০০ (একশত) মে.টন চাল বরাদ্দ প্রদানের নিমিত্ত ছকে উল্লেখিত বরাদ্দ বিতরণের সরকারি মঞ্জুরি আদেশ নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

ক্রমিক	বরাদ্দ প্রদান সংস্থার নাম ও ঠিকানা	আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান ও প্রকল্পের নাম	অনুমোদিত বরাদ্দ (চাল)
১	জেলা প্রশাসক বান্দরবান পার্বত্য জেলা	বান্দরবান পার্বত্য জেলায় ত্রিপুরা, চাক, খেয়াং/খিয়াং,বম, লুসাই, খুমী জাতিগোষ্ঠীর প্রত্যন্ত ও দরিদ্র পরিবারের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে খাদ্যশস্য বরাদ্দ	১০০ মে.টন (চাল)
		মোট	১০০ (একশত) মে.টন (চাল)

০২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ-১, শাখা-৩ এর ৩০/০৬/২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮. ১৩(অ-২)-৯৮৩ নম্বর স্মারকমূলে ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত বাজেটে এ মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২২১০১ ত্রাণ কার্য চাল খাতে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিভাজন অনুযায়ি বিশেষ প্রকল্প কর্মসূচি খাত হতে বহন করা হবে।

শর্তসমূহঃ

১. বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) বান্দরবান পার্বত্য জেলায় ত্রিপুরা, চাক, খেয়াং/খিয়াং, বম, লুসাই, খুমী জাতিগোষ্ঠীর প্রত্যন্ত ও দরিদ্র পরিবারের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বিতরণের পরবর্তী অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

২. বরাদ্দকৃত খাদ্যশস্য ব্যবহারে বিশেষ প্রকল্প কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এই মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ গত ১৯/১০/২০০৬ তারিখে ৩০৩ নম্বর স্মারকে জারিকৃত নীতিমালার শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য কঠোর ভাবে নির্দেশনা প্রদান করা হলো;

৩. বরাদ্দকৃত খাদ্যশস্যের হিসাব নিরীক্ষার জন্য দালিলিক প্রমাণকসহ যথোপযুক্তভাবে মাষ্টার রোল সংরক্ষণ করতে হবে এবং উপকারভোগীর সংখ্যা উল্লেখসহ খাদ্যশস্য ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

৪. বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) স্থানীয় গুদাম হতে জরুরিভিত্তিতে উত্তোলন করতে হবে।

(মো: সফিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

নম্বর-২৯.০০.০০০০.২২৩.২০.০১৩.২৪-৫৯ তারিখ: ১৭/০৪/২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৪. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
৫. মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৬. উপদেষ্টার একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা।
৯. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

১৭.০৪.২৫
(মো: সফিকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব